

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৪৫

১/ বিবিধ

আরবী

أعربوا القرآن، والتمسوا غرائبه، وغرائبه فرائضه وحدوده  
ضعيف جدا

أخرجه ابن أبي شيبة في " المصنف " (12/57/1) وأبو يعلى في " مسنده " (ق 306/1) وأبو عبيد في " فضائل القرآن " (ق 98/2) والحاكم (2/439) والخطيب في " التاريخ " (8/77 - 78) وأبو بكر الأنباري في " الوقف والابتداء " (ق 4/2 إسكندرية) وأبو الفضل الرازي في " معاني أنزل القرآن على.. " (68 - 69) والسلفي في " معجم السفر " (ق 124/1) عن عبد الله بن سعيد المقبري عن أبيه عن أبي هريرة مرفوعا وقال الحاكم: " صحيح الإسناد على مذهب جماعة من أئمتنا ورده الذهبي بقوله قلت: بل أجمع على ضعفه قلت: وآفته عبد الله هذا، فإنه شديد الضعف. وقال الهيثمي (7/163) بعدما عزاه لأبي يعلى " وهو متروك " وأما قول المناوي في الفيض وقال المناوي: فيه ضعيفان فخطأ، إذ ليس فيه إلا هذا، وأما أبو هـ فتقة من رجال الشيخين

نعم رواه عن عبد الله بعض الضعفاء بزيادة على ما رواه الثقات عنه وهو: (الاتي)

বাংলা

১৩৪৫। তোমরা কুরআনকে সুস্পষ্ট করে বিশুদ্ধভাবে পাঠ কর ও তার গারাইবগুলো জানার জন্য সচেষ্টি হও। তার গারাইবগুলো হচ্ছে তার ফরয এবং সীমারেখাসমূহ।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি ইবনু আবী শাইবাহ "আল-মুসান্নাফ" গ্রন্থে (১/৫৭/১২), আবু ইয়াল তা "মুসনাদ" গ্রন্থে (কাফ ১/৩০৬), আবু ওবায়দে "ফায়াইলুল কুরআন" গ্রন্থে (কাফ ২/৯৮), হাকিম (২/৪৩৯), খাতীব "আত-তারীখ" (৮/৭৭-৭৮), আবু বকর আশ্বারী "আল-ওয়াকফ অল-ইবতিদা" গ্রন্থে (কাফ ২/৪), আবুল ফায়ল রাযী "মা'য়ানী উনযিলাল কুরআন" গ্রন্থে (৬৮-৬৯), সিলফী "মুজামুস সাফর" গ্রন্থে (কাফ ১/১২৪) আব্দুল্লাহ ইবনু সাঈদ মাকবুরী হতে, তিনি তার পিতা হতে, আবু হুরাইরাহ্ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

হাকিম বলেনঃ আমাদের একদল ইমামের মাযহাব অনুযায়ী সনদটি সহীহ। হাফিয যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ বরং সনদটি দুর্বল হওয়ার ব্যাপারে সকলেই একমত।

আমি (আলবানী) বলছিঃ সনদটির সমস্যা হচ্ছে এ আব্দুল্লাহ। কারণ তিনি খুবই দুর্বল।

হায়সামী (৭/১৬৩) বলেনঃ তিনি মাতরুক। মানবী বলেনঃ এ সনদে দু'জন দুর্বল বর্ণনাকারী রয়েছেন।

কিন্তু তার এ কথা ভুল। কারণ এর মধ্যে এ একজন দুর্বল বর্ণনাকারীই রয়েছেন।

হ্যাঁ কোন কোন দুর্বল বর্ণনাকারী আব্দুল্লাহ হতে কিছু বৃদ্ধি করে হাদিসটি বর্ণনা করেছেন নিম্নলিখিত ভাষায়ঃ (দেখুন পরের হাদিস)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72224>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন